



## জেলা পরিষদ কার্যালয় চাঁদপুর।

zp.chandpur.gov.bd



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.৪২.১৩০০.১০১.০৪.২৬৭.২৪-২১

তারিখ- ১৯/০২/২০২৪ খ্রিঃ

### জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা পরিষদ, চাঁদপুর এর অফিস, বিভিন্ন ডাকবাংলো, সুপার মার্কেটসহ অন্যান্য নির্মাণ কাজের দেখভাল, তথ্য সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ কাজে সম্পূর্ণ অস্থায়ী (কাজ আছে মজুরী আছে-কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে কিছু সংখ্যক নিয়োগের লক্ষ্যে পুলগঠনের জন্য নিম্নোক্ত শর্তে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্রমিক নং	কাজের ধরন	মজুরী	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
০১।	অফিস সহায়ক/মালী/পরিচ্ছন্নতা কর্মী /কেয়ারটেকার/গার্ড-এর কাজ	সরকার নির্ধারিত দৈনিক মজুরী ভিত্তিক	১৮-৩০ বৎসর	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা, সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

### ঃ শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর- বরাবরে আগামী ২০/০৩/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিকাল ৪.০০ টার মধ্যে জেলা পরিষদ, চাঁদপুর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্বামী/স্বীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জাতীয়তা, (জ) জন্ম তারিখ, (ঝ) ২০/০৩/২০২৪ তারিখ পর্যন্ত বয়স, (ঞ) ধর্ম, (ট) বৈবাহিক অবস্থা, (ঠ) শিক্ষাগত যোগ্যতা, (ড) অভিজ্ঞতা (যদি থাকে), (ঢ) জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :  
৪.১ সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৫(পাঁচ) কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।  
৪.২ সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।  
৪.৩ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।  
৪.৪ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।  
৪.৫ জন্ম নিবন্ধন সনদ পত্রের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।  
৪.৬ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
- সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে।
- আবেদনপত্র সমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীর নির্বাচনী পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- কোন ব্যক্তি উক্ত পদে নিয়োগ লাভের জন্য বিবেচিত হবে না, যদি তিনি বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নন এরূপ কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন অথবা ফৌজদারী অপরাধে দণ্ডিত হন।
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। জেলা পরিষদ কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষেত্রে/নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য/কাগজপত্র ভুল/মিথ্যা প্রমাণিত হলে যে কোন পর্যায়ে এমন কি চাকুরী পাওয়ার পরও যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগ সম্পর্কিত যাবতীয় তথ্যবলী জেলা পরিষদ, চাঁদপুর এর ওয়েবসাইটে (zp.chandpur.gov.bd) তে পাওয়া যাবে।
- জনবল নিয়োগ সংক্রান্ত পুলগঠনে স্থায়ী চাকুরী প্রদানের নিশ্চয়তা প্রদান করবে না এবং চাকুরী স্থায়ী করণের কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষ এ জনবল নিয়োগে সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ মনোয়ার হোসেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, চাঁদপুর।

ফোন :- ০২৩৩৪৪৮৫৪৯৯, মোবাঃ ০১৭৫৭-১১৭৭৮৮

E-mail : zpchandpur@lgd.gov.bd